


## সামিট পাওয়ারের ৩৫ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন



**ছবি ক্যাপশন:** আজ ডিজিটাল প্ল্যাটফর্মে সামিট পাওয়ার লিমিটেডের ২৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

**(ঢাকা) ১৪ই ডিসেম্বর ২০২০, সোমবার:** আজ সামিট পাওয়ার লিমিটেড শেয়ারহোল্ডারদের জন্য ৩০শে জুন ২০২০ সমাপ্তকৃত অর্থবছরে যথাক্রমে ১৫ শতাংশ অন্তর্বর্তী নগদ লভ্যাংশ এবং ২০ শতাংশ চূড়ান্ত নগদ লভ্যাংশ সহ মোট ৩৫ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন করেছে। এই ২৩তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে লভ্যাংশ অনুমোদন করা হয়।

সামিট পাওয়ার লিমিটেডের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, "ইতোমধ্যে বাংলাদেশের ১৭ কোটি মানুষের মাঝে বিদ্যুৎ পৌঁছেছে। কিন্তু আমাদের যদি কোয়ালিটি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ইন্ডাস্ট্রিগুলোতে পৌঁছাতে হয় তাহলে আমাদের সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার আরও উন্নয়ন প্রয়োজন। আমাদের সরকারের কাছে অনুরোধ রইলো যেন বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নে বেসরকারি খাতকেও সহযোগী করেন।"

সামিট পাওয়ার লিমিটেডের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের সভাপতিত্বে ভার্চুয়াল সভায় আরও উপস্থিত ছিলেন কোম্পানীর ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান, পরিচালকবৃন্দের মধ্যে ছিলেন আঞ্জুমান আজিজ খান, মো. ফরিদ খান, আয়েশা আজিজ খান, ফয়সাল করিম খান, আজিজা আজিজ খান, হেলাল উদ্দীন আহমেদ, আরিফ আল ইসলাম

এবং ব্যবস্থাপনা পরিচালক লে. জে. (অব.) প্রকৌশলী আবদুল ওয়াদুদ। স্বতন্ত্র পরিচালকদের মধ্যে উপস্থিত ছিলেন ফারুক আহমেদ সিদ্দীকী, জুনায়েদ আহমেদ চৌধুরী এবং ফাইন্যান্সিয়াল কন্ট্রোলার অ্যান্ড কোম্পানির সেক্রেটারি স্বপন কুমার পাল এফসিএ-সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

### **সংক্ষেপে সামিট পাওয়ার লিমিটেড:**

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় ট্রিপল 'এ' রেটিং প্রাপ্ত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠান। এটি সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান। সামিট বর্তমানে জাতীয় গ্রীডের জন্য ১,৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। সামিট পাওয়ার লিমিটেড ২০০৫ সালে ঢাকা এবং চট্টগ্রাম উভয় স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির পর থেকেই ধারাবাহিকভাবে লভ্যাংশ দিয়ে আসছে। সামিট গ্রুপ বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সালে থেকে টানা পাঁচবার সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের পুরস্কার পেয়ে আসছে।

বিস্তারিত জানতে ভিজিট করুন [www.summitpowerinternational.com/SPL](http://www.summitpowerinternational.com/SPL), অথবা অনুসরণ করুন ফেইসবুক, লিংকডইন, টুইটার।

### **মিডিয়া অনুসন্ধানের জন্য:**

মোহসেনা হাসান | ইমেইল: [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫